



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী কলেজ, রাজশাহী



e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd
online news portal: rcbarta.com, Fax: 02588853145

তারিখ: ২৫/০৩/২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

রাজশাহী কলেজে যথাযথ মর্যাদায় ২৫শে মার্চ 'গণহত্যা দিবস' পালিত

২৫শে মার্চ গণহত্যা দিবস-২০২৪ উপলক্ষ্যে রাজশাহী কলেজ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে। কর্মসূচির অংশ হিসেবে সকাল ১০:১৫ মি. শেখ রাসেল দেয়ালিকায় 'গণহত্যা দিবস' উপলক্ষ্যে বিশেষ দেয়ালিকার উদ্বোধন করা হয়। বেলা ১০.৩০মি. কলেজ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় বীর মুক্তিযোদ্ধা সম্মাননা, স্মৃতিচারণ ও আলোচনা সভা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর মোহাঃ আব্দুল খালেক। সম্মাননীয় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা মুস্তাফিজুর রহমান খান আলম ও বীর মুক্তিযোদ্ধা মোঃ সাইদুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন শিক্ষক পরিষদের সম্পাদক প্রফেসর আব্দুল্লাহ আল মাহমুদ, সাহিত্য ও সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মোসাঃ ইয়াসমীন আকতার সারমিন, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, শিক্ষকমন্ডলী ও শিক্ষার্থীবৃন্দ।

সভায় বীর মুক্তিযোদ্ধাগণ ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের বীরত্বগাঁথা, দেশের জন্য ভালোবাসা ও আত্মত্যাগের কথা তুলে ধরেন। বীর মুক্তিযোদ্ধা মুস্তাফিজুর রহমান খান আলম বলেন মুক্তিযোদ্ধারা দেশপ্রেমে উজ্জীবিত হয়ে আধুনিক অস্ত্রে সজ্জিত পাক-হানাদার বাহিনীর বিরুদ্ধে প্রথমে প্রতিরোধ ও পরে বীরবিক্রমে যুদ্ধ করে তাদের পরাজিত করতে সক্ষম হয়। বীর মুক্তিযোদ্ধা মোঃ সাইদুল ইসলাম বলেন- আমরা কোন লোভ-লালসা নিয়ে দেশের জন্য যুদ্ধ করিনি, আমরা যুদ্ধ করেছি দেশকে স্বাধীন করার জন্য। শিক্ষক পরিষদের সম্পাদক প্রফেসর আব্দুল্লাহ আল মাহমুদ বঙ্গবন্ধুর সুখী সমৃদ্ধ বাংলাদেশ গঠনে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস নতুন প্রজন্মের নিকট যথাযথভাবে তুলে ধরার আহ্বান জানান। সভাপতির বক্তব্যে অধ্যক্ষ প্রফেসর মোহাঃ আব্দুল খালেক বলেন- শিক্ষার্থীরা যেন মুক্তিযুদ্ধ সম্পর্কে সঠিক ইতিহাস জানতে পারে, এ জন্য মুক্তিযোদ্ধাদের নিয়ে আজকের এ আয়োজন। বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতিচারণ আমাদের জ্ঞানকে আরও সমৃদ্ধ করবে। আলোচনা অনুষ্ঠানে উপস্থিত থেকে স্মৃতিচারণ করার জন্য তিনি বীর মুক্তিযোদ্ধা মুস্তাফিজুর রহমান খান আলম ও বীর মুক্তিযোদ্ধা মোঃ সাইদুল ইসলামের প্রতি গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। পরিশেষে রাষ্ট্রীয় অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে রাত ১১:০০ মি. থেকে ১১:০১ মি. পর্যন্ত এক মিনিট ব্ল্যাক আউটের মাধ্যমে দিবসের কর্মসূচির সমাপ্ত হয়।

২৫/০৩/২০২৪

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী।

